



CHIEF MINISTER OF TRIPURA
AGARTALA-799 006

ষষ্ঠ আর্থিক গনণার কাজ ১৫ই মে ২০১৩ ইং থেকে ত্রিপুরায় শুরু হচ্ছে। এই গনণায় সংগৃহীত তথ্য রাজ্যের সার্বিক পরিকল্পনা এবং কর্মসূচী রূপায়নে মূল ভিত্তি হিসাবে কাজ করবে।

এই ষষ্ঠ আর্থিক গনণায় সমস্ত অকৃষি এবং কৃষি (চাষাবাদ ও বাগিচা চাষ ভিন্ন) সকল প্রকার উদ্যোগের গনণা হবে।

প্রতিটি জেলায় গনণা কর্মীরা বাড়ী, দোকানঘর, ব্যবসায়িক প্রতিষ্ঠান, ব্যাঙ্ক ইত্যাদি এবং পারিবারিক উদ্যোগ সম্পর্কে তথ্য সংগ্রহ করবেন।

এই গনণার সার্বিক সাফল্য নির্ভর করবে জনগনের সহযোগীতা ও সঠিক তথ্য পরিবেশনের উপর।

আমি এই গনণার সার্বিক সাফলতা কামনা করি এবং জনগনের সার্বিক সহযোগীতা কামনা করছি।

তাং ৮/৪/২০১৩
স্বাক্ষর


(মানিক সরকার)
মুখ্যমন্ত্রী, ত্রিপুরা।



समयमेव जयते

CHIEF SECRETARY
GOVERNMENT OF TRIPURA
New Secretariat Complex
PO: Kunjaban-799006
Agartala

তাং : ১০/০৫/২০১৩

শুভেচ্ছা বার্তা

ত্রিপুরাতে ষষ্ঠ আর্থিক গনণার কাজ ১৫ই মে ২০১৩ ইং থেকে শুরু হয়ে ১৫ই জুন ২০১৩ ইং অব্দি চলবে। পরিকল্পনা গ্রহন এবং কর্মসূচি রূপায়নের জন্যে সঠিক তথ্যাদির গুরুত্ব অপরিসীম। ভবিষ্যৎ ত্রিপুরার আর্থিক ও সার্বিক উন্নয়নে ও এই গনণার কাজ অতীব গুরুত্বপূর্ণ।

এই উদ্দেশ্যে গনণাকর্মীগন প্রতিটি বাড়ি, দোকানঘর, ব্যাঙ্ক, ব্যবসায়িক প্রতিষ্ঠান ও পারিবারিক উদ্যোগ সম্পর্কে বিশদ তথ্যাদি সংগ্রহ করবেন ভবিষ্যৎ জনকল্যানমুখী পরিকল্পনা গ্রহন ও কর্মসূচী প্রণয়নের জন্য।

এই ষষ্ঠ আর্থিক গনণা কাজের সার্বিক সাফল্য একান্তভাবে জনগণের সহযোগীতার উপর নির্ভর করছে।

আমি এই ষষ্ঠ আর্থিক গনণার সার্বিক সাফল্য কামনা করি।

ম. কু. দত্ত
সঞ্জয় কুমার পন্ডা
মুখ্যসচিব, ত্রিপুরা